147

দৈনিক জনকণ্ঠ

তারিখ 23 JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ৪

# সর্বোচ্চ বরাদ্দ সত্ত্বেও বাজেটে শিক্ষার গুরুত্ব কমেছে ॥ এমাজউদ্দিন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ বলেছেন, শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ দেয়া হলেও বাজেটে শিক্ষার গুরুত্ব হ্রাস পেয়েছে। তিনি বলেন, ইউজিসি'র রিপোর্ট অনুযায়ী বিগত বছর জাতীয় আয়ের শতকরা ১.৪ ভাগ শিক্ষা খাতে বরাদ্দ ছিল। এবার বরাদ্দের পরিমাণ শতকরা ১.৩ ভাগ।

বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের উদ্দেশে দেয়া এক ভাষণে উপাচার্য এ কথা বলেন। টিএসসি অডিটরিয়ামে অনুষ্ঠিত এ ভাষণ শোনার জন্য বিভিন্ন বিভাগের তিন শতাধিক শিক্ষক উপস্থিত ছিলেন।

উপাচার্য বলেন, সেশনজট হ্রাস পাওয়ায় ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩০ হাজার থেকে ২২ হাজারে নেমেছে। আগামী বছর এ সংখ্যা ১৮ হাজারে নেমে আসবে বলে তিনি আশা প্রকাশ করেন। উপাচার্য আরও বলেন, শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষকদের প্রশিক্ষণের জন্য ইতোমধ্যে বিভিন্ন ধরনের পদক্ষেপ নেয়া হয়েছে। আগামী বছর থেকে দশজন শিক্ষককে প্রশিক্ষণের জন্য বিদেশে পাঠানো হবে। এছাড়া একাডেমিক ক্ষেত্রে অবদানের জন্য প্রতিবছর পুরস্কার পাবেন একজন শিক্ষক।

ছাত্র রাজনীতি প্রসঙ্গে তিনি বলেন, আমি ছাত্র রাজনীতির বিপক্ষে নই। কিন্তু যে রাজনীতি শিক্ষকদের ক্ষত বিক্ষত করে ও সমাজকে অসুস্থ করে তোলে সে রাজনীতি প্রয়োজন আছে বলে মনে করি না। তিনি আরও বলেন, রাজনৈতিক দলের লেজুড়মুক্ত না হলে শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ হবে না। উপাচার্য আশা প্রকাশ করে বলেন, যুগোপযোগী ও বিশ্লেষণধর্মী শিক্ষা এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডকে ব্যাপকভাবে প্রসারিত করে আমরা সন্ত্রাস নির্মূল করতে পারব।